



THE WORLD BANK

Working for a World
Free of Poverty

NEWS RELEASE

News Release No. SAR

Contacts:

In Dhaka: Mehrin A. Mahbub (880-2) 8159001
mmahbub@worldbank.org

In Washington: Erik Nora (202) 458 4735
enora@worldbank.org

বাংলাদেশে উচ্চ শিক্ষার উন্নয়নে বিশ্ব ব্যাংকের সহায়তা

ঢাকা, ১৮ মার্চ, ২০০৯- বিশ্ব ব্যাংক আজ বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার মান, প্রাসঙ্গিকতা এবং গবেষণা জোরদার করার লক্ষ্যে বাংলাদেশের জন্য ৮ কোটি ১০ লাখ ডলারের সুদ মুক্ত আইডিএ ঋণ অনুমোদন করেছে।

হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রকল্পটি বিশ্ববিদ্যালয়গুলোর সৃজনশীলতা ও জবাবদিহিতা বৃদ্ধির পরিবেশ তৈরীতে এবং উচ্চ শিক্ষা খাতে প্রযুক্তিগত ও প্রাতিষ্ঠানিক সামর্থ বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা দিবে।

শিক্ষা খাতে বাংলাদেশ প্রশংসনীয় ভাবে এগিয়ে আছে। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির গড় হার প্রায় ৯০ শতাংশ এবং স্বাধীনতা লাভের পর থেকে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির হার থেকে দ্বিগুন হয়েছে। উভয় ক্ষেত্রে ছেলে ও মেয়েদের ভর্তির হারে সমতা অর্জিত হয়েছে। তবে, উচ্চ শিক্ষা পর্যায়ে অনুরূপ অগ্রগতি অর্জিত হয়নি। বাংলাদেশে উচ্চশিক্ষার বেলায় ছাত্র-ছাত্রী ভর্তির হার বিশ্বে প্রায় সর্বনিম্ন দেশগুলোর মধ্যে অন্যতম - মাত্র ৬ শতাংশ। এবং এই উপখাতটি অর্থায়ন, মান, সুশাসন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নানা সমস্যার সম্মুখীন হয়।

বাংলাদেশে বিশ্ব ব্যাংকের কান্ডি ডিরেক্টর শিয়ান ব্লু বলেছেন, “বাংলাদেশের অর্থনীতিকে শক্তিশালী ও বিনিয়োগ পরিবেশে জোরদার করতে উচ্চ শিক্ষার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।” তিনি আরো বলেন “এই প্রকল্প শিক্ষা পরিমন্ডলে দ্রুত ও দৃশ্যমান কল্যাণ বয়ে আনার জন্য বিভিন্ন কর্মকান্ডে অর্থায়ন করবে। যা আরো বেশী সংখ্যক তরুণ-তরুণীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে সাহায্য করবে।”

প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে এমন অনুকূল পরিবেশ গড়ে তোলা যা বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা প্রদান, শিক্ষা লাভ ও গবেষণার মান ও পরিবেশ উন্নয়নে উৎসাহিত করবে। এছাড়াও সৃজনশীলতা ও জবাবদিহিতার ওপর গুরুত্ব আরোপসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সরকারী অর্থ বরাদ্দের জন্য কার্যকর উপায় চালু করবে।

প্রকল্পটির বিশ্ব ব্যাংকের টিম লিডার ইওকো নাগাশিমা বলেছেন, “এই প্রকল্পটি ‘দি একাডেমিক ইনোভেশন ফান্ড (এআইএফ)’ শীর্ষক একটি কৌশল বা পন্থা প্রতিষ্ঠা করবে যা কৃতিত্বের ভিত্তিতে সম্পদ বরাদ্দ করবে। প্রকল্পটির লক্ষ্য হচ্ছে সুদূরপ্রসারী পরিকল্পনা, সৃজনশীলতা ও শৃঙ্খলার বহিঃপ্রকাশ ঘটাতে সক্ষম বিশ্ববিদ্যালয়কে পুরস্কৃত করা। প্রতিযোগিতার ভিত্তিতে যোগ্য সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো মঞ্জুরী হিসেবে এআইএফ তহবিল হতে বরাদ্দ পাবে।”

প্রকল্পের আরো একটি লক্ষ্য হচ্ছে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোকে বৈশ্বিক জগতের জ্ঞান ভান্ডারের সাথে সমন্বিত করা। এজন্য প্রকল্পটি বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশন নেটওয়ার্ক (বিডিআরইএন) প্রতিষ্ঠা করবে যা মূলত: একটি অতি কার্যকর ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) নেটওয়ার্ক যার মাধ্যমে দেশের শিক্ষাবিদ, বিজ্ঞানী ও গবেষকরা দেশের ও বাইরের সকল সরকারী ও বেসরকারী শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ বজায় রাখতে ও সংযুক্ত থাকতে পারবে।

বিশ্ব ব্যাংকের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সী (আইডিএ) হতে প্রাপ্ত সুদ-মুক্ত ঋণের মেয়াদ ১০ বছরের রেয়াতসহ ৪০ বছর এবং সার্ভিস চার্জ ০.৭৫% প্রযোজ্য।

বাংলাদেশে বিশ্বব্যাংক সম্পর্কে জানতে দেখুন:

<http://www.worldbank.org/bd>

###